৫ আগস্টের ভিডিও ধারণকারী সাবেক পাইলট তাহসিফের মরদেহ উদ্ধার



ছবি: সংগৃহীত

রাজধানীর উত্তরখান থানাধীন রাজাবাড়ী ঘাট সংলগ্ন তুরাগ নদী থেকে বাংলাদেশ বিমানবাহিনীর চাকরিচ্যুত কর্মকর্তা ও সাবেক ফ্লাইট লেফটেন্যান্ট কে এম তাহসিফ (তাওসিফ) সৌরির মরদেহ উদ্ধার করেছে নৌ পুলিশ। গত ২৭ অক্টোবর (মঙ্গলবার) রাত থেকে তিনি নিখোঁজ ছিলেন। ২৮ অক্টোবর (বুধবার) বিকেলে তার মরদেহ উদ্ধার করা হয়।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, কে এম তাহসিফ সৌরি উত্তরা ১৮ নম্বর সেক্টর এলাকায় বসবাস করতেন। গত ২৭ অক্টোবর থেকে তার কোনো খোঁজ মিলছিল না। পরবর্তীতে ২৮ অক্টোবর বিকেল আনুমানিক ৪টার দিকে উত্তরখানের রাজাবাড়ী নদীর ঘাট এলাকায় একটি মরদেহ ভাসতে দেখে স্থানীয়রা পুলিশে খবর দেয়। খবর পেয়ে নৌ পুলিশের একটি দল ঘটনাস্থলে গিয়ে তার মরদেহ উদ্ধার করে।

তাহসিফ সৌরি বাংলাদেশ বিমানবাহিনীর একজন সামরিক পাইলট ছিলেন। ২০২৪ সালের ৫ আগস্ট শেখ হাসিনার দেশত্যাগের সময় গণভবনের পেছন থেকে একটি গুরুত্বপূর্ণ ভিডিও ধারণ ও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ার ঘটনার সাথে তার নাম জড়িয়েছিল। এই ঘটনার পর বিমানবাহিনীর অভ্যন্তরীণ তদন্তের মুখে তিনি চাকরিচ্যুত হন বা চাকরি থেকে সরে যান।

নিখোঁজ হওয়ার মাত্র একদিনের মাথায় নদী থেকে মরদেহ উদ্ধার হওয়ায় এই মৃত্যুকে ঘিরে রহস্য দানা বাঁধছে। সামাজিক মাধ্যম ও বিভিন্ন মহলে গুঞ্জন ছড়িয়েছে যে, ৫ আগস্টের কোনো সংবেদনশীল তথ্য গোপন করা বা আলামত নষ্ট করার উদ্দেশ্যে তাকে পরিকল্পিতভাবে হত্যা করা হয়ে থাকতে পারে। এমনকি এই হত্যাকাণ্ডের পেছনে দেশি-বিদেশি গোয়েন্দা সংস্থার সংশ্লিষ্টতা থাকতে পারে বলেও প্রাথমিকভাবে ধারণা করছেন অনেকে।

তবে এটি পরিকল্পিত হত্যাকাণ্ড নাকি এর পেছনে অন্য কোনো কারণ রয়েছে, সে বিষয়ে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী বা তদন্তকারী সংস্থার কোনো আনুষ্ঠানিক বক্তব্য বা চূড়ান্ত প্রতিবেদন এখনো পাওয়া যায়নি। নৌ পুলিশ ও স্থানীয় থানা পুলিশ ঘটনার রহস্য উদ্ঘাটনে তদন্ত শুরু করেছে।